# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬৭

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৫. যে সকল ঘোড়া পছন্দনীয় এবং যে সকল ঘোড়া অপছন্দনীয়

بَاب مَا يُسْتَحَبُّ مِنْ الْخَيْلِ وَمَا يُكْرَهُ

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدِّمَشْقِيُّ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنِي ابْنُ لَهِيعَةَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ عُلَيِّ بْنِ رَبَاحٍ عَنْ أَبِي قَتَادَةَ الْأَنْصَارِيِّ أَنَّ رَجُلًا قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُرِيدُ أَنْ أَشْتَرِيَ فَرَسًا فَأَيُّهَا أَشْتَرِي قَالَ اشْتَرِ أَدْهَمَ أَرْثَمَ مُحَجَّلَ طَلْقَ الْيَدِ الْيُمْنَى أَوْ مِنْ الْكُمْتِ عَلَى هَذِهِ الشِّيَةِ تَغْنَمْ وَتَسْلَمْ

## বাংলা

২৪৬৭. আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ! আমি একটি ঘোড়া ক্রয়ের ইচ্ছা করেছি। এখন আমি কোন্ প্রকারের ঘোড়া কিনব? তিনি বললেন: “তুমি ক্রয় করবে কালো বর্ণের ঘোড়া, যার নাক ও উপরের ওষ্ঠটি সাদা; আরোহনের স্থান থেকে নিচের দিকে পায়ের গিরার মধ্যবর্তী স্থান সাদা; ডান পায়ের অংশবিশেষ সাদা; অথবা, (কালো বর্ণের ঘোড়া যদি না হয় তবে) লাল-কালো রঙের মিশ্রণে এভাবে সজ্জিত ঘোড়া। (এর মাধ্যমে) তুমি লাভ করবে গণিমাত এবং নিরাপত্তা।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৬৭৬ ও মাওয়ারিদুয যামআন নং ১৬৩৩ তে। ((তিরমিযী, ফাযাইলুল জিহাদ ১৬৯৭; ইবনু মাজাহ, জিহাদ ২৭৮৯; আহমাদ ২২০৫৫।–অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82750

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন